দৈনিক সংবাদ

দৈনিক সংবাদ

তারিখ 24 NOV 1991
পৃষ্ঠা ... কলাম ...

57

# রংপুরে ছাত্র ঐক্যের উদ্যোগে জনসভা

রংপুর, ২৩শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।— দেশের শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ না হওয়া পর্যন্ত গণতান্ত্রিক ছাত্র ঐক্য রাজপথ ছেড়ে ঘরে ফিরবে না। গত ১৭ই নভেম্বর রংপুর শহরের জাহাজ কোম্পানীর মোড়ে জেলা গণতান্ত্রিক ছাত্র ঐক্যের ডাকে এক জনসভায় কেন্দ্রীয় ছাত্রনেতারা এ কথা বলেন।

তারা বলেন, যতদিন পর্যন্ত শিক্ষাঙ্গন ও শিক্ষার্থীরা সন্ত্রাসমুক্ত হবে না ততদিন পর্যন্ত এর বিরুদ্ধে সংগ্রাম করে যাওয়া হবে। তারা বলেন, বর্তমান সরকার ছাত্রসমাজের দশ দফা দাবী আজও মেনে নেয়নি। চাকরির বয়সসীমা ৩০ বছর করা হলেও নিয়োগ বন্ধ রেখে একে প্রহসনে পরিণত করা হয়েছে।

ছাত্রলীগ (না-শ) জেলা সভাপতি গৌতম কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বক্তব্য রাখেন ছাত্রনেতা নূর আহমেদ বকুল, সাজ্জাদ জহির চন্দন, রাজেকুজ্জামান রতন, আবুল কালাম আজাদ, মাজিরুল ইসলাম লিটন ও আবদুল ওয়াহেদ।